

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-১৯

তারিখ : ১৯ জুলাই, ২০২১
৮ শ্রাবণ, ১৪২৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

২০২১-২০২২ অর্থবছরের জন্য সকল প্রকার নিবন্ধন সনদ নবায়ন সংক্রান্ত সাময়িক নির্দেশনা প্রসঙ্গে।


বাণিজ্য মন্ত্রণালয় এর আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হতে ইস্যুকৃত ১৩ জুলাই ২০২১ তারিখের স্মারক নম্বর-
২৬.০৩.০০০০.০০৪.২২.০০৩.২১.৩৪৫ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপর্যুক্ত পত্রের মাধ্যমে জ্ঞাপিত নির্দেশনা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হুবহু পুনর্মুদ্রণ করা
হলো।

০৩। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(কাজী রফিকুল হাসান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১২৩

kazi.hassan@bb.org.bd

স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.২২.০০৩.২১.৩৪৫


তারিখ: ২৯ আষাঢ়, ১৪২৮

১৩ জুলাই ২০২১

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের জন্য সকল প্রকার নিবন্ধন সনদ নবায়ন সংক্রান্ত সাময়িক নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরে চলমান Online Licensing Module (OLM) এর মাধ্যমে জারিকৃত সকল ধরনের নিবন্ধন সনদ (আমদানি, রপ্তানি ও ইন্ডেন্টিং) বিদ্যমান আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর ৯(১০) এবং ৯(২৩) উপ-অনুচ্ছেদে বর্ণিত বিধান অনুসারে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত কোন ধরনের সারচার্জ ব্যতিরেকে নবায়ন করা যাবে।

২। বর্ণিত অবস্থায়, নবায়নের জন্য আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরে দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তি কালীন সময়ে নিবন্ধিত আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ডেন্টরগণ যাতে করে তাদের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করতে প্রতিবন্ধকতার সম্মুখীন না হন সে লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরের নবায়ন ফিস ও মুসক (VAT) বাবদ প্রদেয় ফিস জমাকরণের প্রমানক (ট্রেজারী চালান/ই-চালান) দাখিল সাপেক্ষে ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত মেয়াদ সম্পন্ন সকল নিবন্ধন সনদের বিপরীতে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ পর্যন্ত সংশ্লিষ্ট আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ডেন্টরগণকে তাদের ব্যবসায়িক কার্যক্রম অব্যাহত রাখার সুযোগ প্রদান করা যেতে পারে।



১৩-৭-২০২১

মোঃ আওলাদ হোসেন
নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল,
ঢাকা- ১০০০।

২) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
(সকল শুল্ক কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের
অনুরোধসহ)।

৩) সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, মতিঝিল
, ঢাকা- ১০০০ (সকল চেম্বার/ট্রেড এসোসিয়েশনকে
প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

৪) মহাব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ পলিসি/অপারেশন

ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল
, ঢাকা- ১০০০ (সকল তফসিলি ব্যাংকসমূহকে
প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

৫) ব্যবস্থাপনা পরিচালক, সকল তফসিলি ব্যাংক,
বাংলাদেশ (সকল এডি শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা
প্রদানের অনুরোধসহ)।

৬) দপ্তর প্রধান, সকল আঞ্চলিক দপ্তর, আমদানি ও রপ্তানি
নিয়ন্ত্রণ অধিদপ্তর, বাংলাদেশ।

৭) ওয়েবসাইট কপি।

স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.২২.০০৩.২১.৩৪৫/১(৮)

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৮

১৩ জুলাই ২০২১

সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ৬/ই, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৩) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, ১৩৭-১৩৮, মতিঝিল, ঢাকা- ১০০০।

৪) মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরানবাজার, ঢাকা- ১২১৫।

৫) চেয়ারম্যান, বাংলাদেশ হাই-টেক পার্ক অথরিটি, বিসিসি ভবন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৬) নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, কাওরানবাজার, ঢাকা।

৭) ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির
জন্য)

৮) মাস্টার ফাইল, শাখা- ৪।

১৩-৭-২০২১

মোঃ আওলাদ হোসেন

নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)